# শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

## ভর্তি বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষ-২০০৮

স্মারক নং ঃ শেকৃবি/ডিআর (এ) ৩(২০)/০৭/৯২৮(১০) তারিখঃ ১১-০৯-২০০৭

শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় (শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭) এর ২০০৮ শিক্ষাবর্ষে স্নাতক কোর্সের লেভেল-১, সেমিস্টার-১ এ ভর্তি হতে আগ্রহী প্রার্থীদের নিকট থেকে ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

**অনুষদ সম্পর্কীয় বিবরণঃ**

| অনুষদের নাম | ডিগ্রীর নাম | কোর্সের মেয়াদ | শিক্ষার মাধ্যম | ভর্তির আসন সংখ্যা |
|---|---|---|---|---|
| ক) এগ্রিকালচার | বিএসসি.এজি(অনার্স) | ৪ বছর (২ × ৪) =৮সেমিস্টার | ইংরেজী | ৩৫০ |
| খ) এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট | বিএসসি. এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট (অনার্স) | ৪ বছর (২× ৪) =৮সেমিস্টার | ইংরেজী | ১৫০ |

মোট আসন সংখ্যা = ৫০০

**সংরক্ষিত আসনঃ** এগ্রিকালচার অনুষদে মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য ০৭ জন, বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপ জাতীয়-০৩ জন, প্রকৃত অ-উপজাতীয়(আদিবাসি)-০২ জন এবং
এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট অনুষদের জন্য মুক্তিযোদ্ধার সন্তান-০৩ জন, বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপ-জাতীয়-০১ জন এবং প্রকৃত অ-উপজাতীয় (আদিবাসি)-০১ জন।

**ভর্তির জন্য আবেদনের ন্যূনতম যোগ্যতা**

০১. বিজ্ঞান গ্রুপে ২০০৪ বা ২০০৫ সনে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

০২. পদার্থ, রসায়ন, গণিত ও জীববিদ্যাসহ ২০০৬ বা ২০০৭ সনের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং উল্লেখিত প্রতিটি বিষয়ে ন্যূনতম জিপি-৩.০০সহ এস.এস.সি ও এইচ. এস.সিতে সর্বমোট জিপিএ-৭.৫ এবং এস.এস.সি ও এইচ. এস.সি পরীক্ষায় ইংরেজীতে ন্যূনতম ৩.০০ জিপি থাকতে হবে।

**ভর্তির জন্য আবেদনের নিয়মাবলী**

শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় (শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭) এর রেজিস্ট্রারের অফিস হতে ২০-১০-২০০৭ তারিখ হতে ১৫-১১-২০০৭ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন নগদ ৪৫০/-(চারশত পঞ্চাশ) টাকা জমা দিয়ে নির্ধারিত ভর্তি ফরম ও ভর্তি প্রসপেক্টাস সংগ্রহ করা যাবে অথবা উক্ত টাকার ব্যাংক ড্রাফট, (সোনালী ব্যাংক, কলেজ গেইট শাখা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭) রেজিস্ট্রার, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় (শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭) এর অনুকূলে এবং নিজ ঠিকানা সম্বলিত ১৫(পনের) টাকার অব্যবহৃত ডাকটিকিট যুক্ত একটি বড় আকারের (৯.৫'' × ৪.৫'') খাম প্রেরণ করলে প্রার্থীর ঠিকানায় ভর্তির ফরম পাঠিয়ে দেয়া হবে। পুরণকৃত আবেদনপত্র সরাসরি ১৫-১১-২০০৭ তারিখের মধ্যে অফিস চলাকালীন রেজিস্ট্রারের অফিসে পৌঁছাতে হবে এবং প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে ভর্তির আবেদনপত্র না পৌঁছালে তা গ্রহণযোগ্য হবে না। ভর্তির জন্য পুরণকৃত আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত নিম্নলিখিত কাগজপত্র অবশ্যই জমা দিতে হবেঃ

ক) বোর্ড হতে প্রাপ্ত এস.এস.সি ও এইচ.এস.সি বা সমমানের পরীক্ষার মূল/সাময়িক সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি(যদি থাকে)।

খ) বোর্ড হতে প্রাপ্ত এস.এস.সি ও এইচ.এস.সি বা সমমানের পরীক্ষার মূল গ্রেডসীট এর সত্যায়িত ফটোকপি।

গ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রের সত্যায়িত ফটোকপি।

ঘ) সদ্যতোলা পাসপোর্ট সাইজের তিন কপি সত্যায়িত ছবি।

ঙ) সংরক্ষিত আসনে ভর্তি হতে ইচ্ছুক বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতীয় ও প্রকৃত অ-উপজাতীয়(আদিবাসী) প্রার্থী এবং বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চল ব্যতীত অন্যান্য জেলার উপজাতীয় প্রার্থীদেরকে উপযুক্ত কর্তৃপক্ষের নিকট থেকে সংশ্লিষ্ট জেলার স্থায়ী বাসিন্দা সম্পর্কিত প্রত্যয়নপত্রের সত্যায়িত ফটোকপি।

চ) মুক্তিযোদ্ধার সন্তানদের বেলায় তাদের পিতা/মাতার অনুকূলে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত ফটোকপি ।

**ভর্তির জন্য নির্বাচনী পরীক্ষা**

০১. সাধারণ জ্ঞান, ইংরেজী এবং উচ্চ মাধ্যমিক পাঠ্যক্রম অনুযায়ী পদার্থ, রসায়ন, গণিত ও জীববিদ্যা বিষয়গুলোর উপর M.C.Q. পদ্ধতিতে ১০০ নম্বরের ১ (এক) ঘন্টার লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

০২. গ্রেডিং পদ্ধতিতে এস.এস.সি পরীক্ষায় প্রাপ্ত জি.পি.এ. এর ৪ গুণ এবং এইচ.এস.সি পরীক্ষায় প্রাপ্ত জি.পি.এ. এর ৬ গুণ নম্বর ভর্তি পরীক্ষার নম্বরের সাথে যোগ করে মেধা তালিকা প্রস্তুত করা হবে।

০৩. লিখিত পরীক্ষা আগামী ২০-১১-২০০৭ তারিখ, শুক্রবার সকাল ১০টায় শুরু হবে। বর্ণিত সময় সূচীর কোন পরিবর্তন হলে তা যথাসময়ে দৈনিক পত্রিকার মাধ্যমে জানানো হবে।

**বিশেষ জ্ঞাতব্য**

ক) ভুল তথ্য সম্বলিত অসম্পূর্ণ ও অস্পষ্ট আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য করা হবে।

খ) নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন ভর্তি ফরম বিক্রি বা জমা নেয়া হবে না।

গ) কোন প্রার্থীর নামে ক্রয়কৃত ভর্তি ফরম অন্য প্রার্থীর নামে জমা দেয়া যাবে না।

ঘ) ভর্তির পূর্বে নির্বাচিত প্রত্যেক প্রার্থীকে অবশ্যই মূল গ্রেডসীট এবং মূল সনদপত্র জমা দিতে হবে।

ঙ) অত্র বিশ্ববিদ্যালয়ের ডেপুটি চীফ মেডিকেল অফিসারের নিকট থেকে শারীরিক সুস্থতার সন্তোষজনক সনদপত্র ভর্তির সময় জমা দিতে হবে, অন্যথায় প্রার্থীকে অযোগ্য বলে গণ্য করা হবে।

চ) আবাসিক হলে সীটের অপ্রতুলতাহেতু ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের হলে সীট বরাদ্দের কোন নিশ্চয়তা নেই।

ছ) মুক্তিযোদ্ধার সন্তান, বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতীয় এবং প্রকৃত অ-উপজাতীয়(আদিবাসী) প্রার্থী এবং বৃহত্তর চট্টগ্রাম অঞ্চল ব্যতীত অন্যান্য জেলার উপজাতীয় প্রার্থীর জন্য সরকারী বিধি মোতাবেক আসন সংরক্ষিত থাকবে।

জ) মুক্তিযোদ্ধার সন্তান, উপজাতীয় ও প্রকৃত অ-উপজাতীয় প্রার্থীদের সংরক্ষিত আসনে ভর্তির জন্য উক্ত কোটাগুলির মধ্যে যেটি প্রযোজ্য তা আবেদনপত্রের নির্ধারিত স্থানে উল্লেখ করতে হবে।

ঝ) সংরক্ষিত আসনে ভর্তির জন্য আবেদনের ন্যূনতম যোগ্যতা ছাড়াও প্রার্থীকে অবশ্যই ভর্তির লিখিত পরীক্ষায় ন্যূনতম ৪০% নম্বর পেতে হবে।

ঞ) ভর্তি সংক্রান্ত ব্যাপারে প্রার্থীকে কোন প্রকার যাতায়াত ভাতা দেয়া হবে না।

**গুরুত্বপূর্ণ তথ্যাবলী**

| | |
|---|---|
| ভর্তি ফরম বিতরণ, ভর্তি নির্দেশিকা সংগ্রহ ও জমা এবং প্রবেশপত্র সংগ্রহ | ২০-১০-০৭ তারিখ থেকে ১৫-১১-০৭তারিখ পর্যন্ত অফিস চলাকালীন । |
| ভর্তি পরীক্ষা গ্রহণের তারিখ ও সময় | ২০-১১-০৭ তারিখ, শুক্রবার, সকাল ১০টায়। |
| ফল প্রকাশ | ২৭-১১-২০০৭ তারিখ, মঙ্গলবার। |
| মূল মেধা তালিকা থেকে ভর্তি | ০২ ও ০৩ ডিসেম্বর'২০০৭ অফিস চলাকালীন । |
| অপেক্ষমান তালিকা থেকে রিপোর্টিং / প্রবেশপত্র জমা ও ফল প্রকাশ | ০৪-১২-০৭ তারিখ, মঙ্গলবার (বিকাল ২ টার মধ্যে রেজিস্ট্রারের অফিসে প্রবেশপত্র জমা দিতে হবে)<br>০৪-১২-০৭ তারিখ বিকাল ৫ টায় মেধাক্রম অনুসারে ভর্তিযোগ্য প্রার্থীর তালিকা প্রকাশ। |
| অপেক্ষমান তালিকা থেকে ভর্তি | ০৫-১২-০৭ ও ০৬-১২-০৭ তারিখ, যথাক্রমে বুধবার ও বৃহস্পতিবার অফিস চলাকালীন। |

(মোঃ এনামউজ্জামান)
রেজিস্ট্রার
ও
সদস্য-সচিব, ভর্তি কমিটি-২০০৮
শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

ইত্তেফাক
১৩/১১/০৭

স-২৯৯৪(১২X৩)